

প্রেস বিজ্ঞপ্তি

বিপুল উৎসাহ, উদ্দীপনার মধ্য দিয়ে গ্রীসে মহান বিজয় দিবস উদযাপন

এথেন্স, ১৬ ডিসেম্বর, ২০১৬

বিপুল উৎসাহ, উদ্দীপনা এবং যথাযোগ্য মর্যাদার সাথে গ্রীসে মহান বিজয় দিবস ২০১৬ উদযাপিত হয়েছে। সকালে এথেন্সে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন কর্তৃক দূতাবাস প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসটির সূচনা হয়। এসময় এথেন্সে বসবাসরত প্রবাসী বাংলাদেশীগণ, বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, আঞ্চলিক ও ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিবর্গ এবং দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীরা এবং তাদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন। পতাকা উত্তোলনের পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধে নিহত শহীদদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এবং বাংলাদেশের শান্তি ও উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে বিকেলে দূতাবাস প্রাঙ্গণে মহান মুক্তিযুদ্ধের ওপর প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়। এরপর দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রেরিত বাণীসমূহ পাঠ করা হয়।

আলোচনাপর্বে বক্তাগণ মহান মুক্তিযুদ্ধে নিহত শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্ব এবং মুক্তিযোদ্ধাদের সর্বোচ্চ আত্মত্যাগের কথা স্মরণ করেন। তিনি বলেন যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আজ বাংলাদেশ মুক্তিযোদ্ধাদের স্বপ্ন বাস্তবায়নে এগিয়ে যাচ্ছে। তিনি প্রবাসী বাংলাদেশীদের রূপকল্প ২০২১ এবং রূপকল্প ২০৪১ এর লক্ষ্য অর্জনের জন্য একত্রে কাজ করার আহ্বান জানান। স্থানীয় শিল্পী, শিশু-কিশোর ও দূতাবাস পরিবার এ উপলক্ষে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

এ বছর পঞ্চকাল ব্যাপী বিজয় দিবস উদযাপনের অংশ হিসেবে দূতাবাসে গত ১০ ডিসেম্বর ২০১৬ তারিখে শিশু-কিশোরদের জন্য চিত্রাঙ্কন ও গত ৩ ডিসেম্বর ২০১৬ তারিখে প্রবাসীদের জন্য এই প্রথমবারের মতো একটি দাবা প্রতিযোগিতার আয়োজন করা হয়। এ উপলক্ষে প্রবাসীদের মধ্যে ব্যাপক সাড়া লক্ষ্য করা যায়। প্রতিযোগিতায় উৎসবমুখর পরিবেশে নানা বয়সী বিপুল সংখ্যক শিশু-কিশোর এবং প্রবাসী বাংলাদেশী অংশগ্রহণ করে। ১৬ ই ডিসেম্বর মহান বিজয় দিবসের অনুষ্ঠানে চিত্রাঙ্কন এবং দাবা প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার ও সনদপত্র তুলে দেন বাংলাদেশের রাষ্ট্রদূত এবং তাঁর সহধর্মিণী মিসেস শায়লা পারভীন।

অনুষ্ঠানের শেষে আগত অতিথিদের ঐতিহ্যবাহী বাংলাদেশী খাবার পরিবেশন করা হয়। উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে সমাজের সকল স্তরের বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশীগণ অনুষ্ঠানসমূহে অংশগ্রহণ করেন।

Sujan Debnath
Second Secretary
Embassy of Bangladesh
Athens, Greece